

নীচের অংশটি পড়ে উত্তরগুলি লেখ।

প্রধানত মুক্তোর জন্যেই মানুষকে সমুদ্রের তলায় নামতে হয়। মুক্তো কোনো প্রাণী নয়। সমুদ্রের একরকম ঝিনুকের মধ্যে এর জন্ম। সেই ঝিনুকের নাম শুক্তি। শুক্তির মধ্যে কী করে মুক্তো জন্মায় তা জানা দরকার। শুক্তির মুখ যখন খোলা থাকে তখন তার মধ্যে মিহি এক কণা বালি ঢুকে গেলে তার নরম শরীরে বড়ো কষ্ট হয়। তখন তার শরীর থেকে একরকম রস বেরিয়ে সেই বালির কণাকে ঢেকে দেয়। সেই রসটা শুকিয়ে মোলায়েম হয়ে গেলে তার শরীরে আর যন্ত্রণা হয় না। সেই বালির কণার ওপর গড়ে-ওঠা ছোট্ট গোলাকার বস্তুটিই মুক্তো। মুক্তো যত বড়ো আর গোল হবে তত তার দাম। সাদা মুক্তোর চেয়ে গোলাপি বা নীল বা কালো মুক্তো কম দেখা যায় বা পাওয়া যায় বলে তার দাম আরও বেশি। কালো মুক্তো প্রশান্ত মহাসাগরের কয়েক জায়গায় ক্ৰচিৎ পাওয়া যায়।

- ১) মুক্তো পাওয়ার জন্য মানুষকে কোথায় নামতে হয়?
- ২) মুক্তো যে ঝিনুকের মধ্যে হয় সেই ঝিনুকের নাম কি?
- ৩) মুক্তোর দাম বেশি হওয়াটা কীসের ওপর নির্ভর করে?
- ৪) মুক্তো কী কী রঙের হয়?
- ৫) কালো রঙের মুক্তো কোথায় পাওয়া যায়?
- ৬) অর্থ লেখঃ কণা
- ৭) শূন্যস্থান পূরণ করঃ
মুক্তো কোনো _____ নয়।
- ৮) বাক্য রচনা করঃ শরীর
- ৯) সমার্থক শব্দ লেখঃ মুখ
- ১০) বিপরীত শব্দ লেখঃ মিহি
- ১১) পদ পরিবর্তন করঃ রস
- ১২) ভুল বানান শুদ্ধ করে লেখঃ ক্ৰচিত